

## প্রেস বিজ্ঞপ্তি

তারিখ : ১৭ মার্চ, ২০২৪

### বাউবিতে বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে (বাউবি) যথাযোগ্য মর্যাদায় ১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপিত হয়। দিবসটি উপলক্ষে ১৭ই মার্চ ২০২৪ রবিবার উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার-এর নেতৃত্বে ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে গভীর শ্রদ্ধা নিবেদন করা হয়। এসময় উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম, ডিন, বিভাগীয় প্রধান, বাউবি শিক্ষক সমিতি, বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরাম, ডিরেক্টরস কাউন্সিল, বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী কর্মকর্তা পরিষদ এবং ঢাকা আঞ্চলিক কেন্দ্রের আঞ্চলিক পরিচালক রানা হামিদুর রহমানসহ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। এর আগে সকালে উপাচার্যের নেতৃত্বে বাউবির গাজীপুরস্থ ক্যাম্পাসের 'স্বাধীনতার চিরন্তন' স্মারক ভাস্কর্যে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে গভীর শ্রদ্ধা নিবেদন করা হয়।




ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করছেন বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার

সূর্যোদয়ের সাথে সাথে গাজীপুর মূল ক্যাম্পাসে উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতারের নেতৃত্বে জাতীয় পতাকা এবং বিশ্ববিদ্যালয় পতাকা উত্তোলন করে দিবসের কর্মসূচির সূচনা করা হয়। একই সাথে দেশ জুড়ে অবস্থিত আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রসমূহে একযোগে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয় পতাকা উত্তোলন করা হয়। সকালে উপাচার্যের নেতৃত্বে 'স্বাধীনতার চিরন্তন' স্মারক ভাস্কর্যের সামনে এবং দেশ জুড়ে বিস্তৃত আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রসমূহে স্ব স্ব অফিস প্রধানের নেতৃত্বে আকাশে শান্তির প্রতীক পায়রা উড়ানো হয়।

বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে সকালে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার বাউবির ঔষধি বৃক্ষের বাগানে একটি স্মারক ঔষধি বৃক্ষরোপন এবং দুপুর ১২:০০ টায় বাউবির ঢাকা আঞ্চলিক কেন্দ্রে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরাল উদ্বোধন করেন।

দিবসটি উপলক্ষে বাউবির শিক্ষক সমিতির তত্ত্বাবধানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের ছেলে-মেয়ে এবং বাউবি ল্যাবরেটরি স্কুল ও স্থানীয় স্কুলের ছাত্র-ছাত্রীদের নিয়ে চিত্রাংকন ও সাধারণ জ্ঞান প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।



ড. আ.ফ.ম. মেজবাহ উদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)

বাউবির দিক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা